



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ২১.০২.২০২৬

প্রেস রিলিজ

শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করল পাবিপ্রবি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার আজ শনিবার (২১ ফেব্রুয়ারি) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে। দিবসটি উপলক্ষে সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে থেকে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসানের নেতৃত্বে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে নিয়ে প্রভাতফেরি বের হয়। প্রভাতফেরি ক্যাম্পাস প্রদক্ষিণ করে শহীদ মিনারে গিয়ে শেষ হয়।

প্রভাতফেরি শেষে কেন্দ্রীয় শহীদ মিনারে শহীদদের প্রতি বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম।

আরও শ্রদ্ধাঞ্জাপন করে ডিনবন্দ, বিভিন্ন বিভাগ, দপ্তর, হলসমূহ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

শ্রদ্ধাঞ্জলি শেষে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, ‘পাকিস্তান তাদের ভাষা আমাদের উপর চাপিয়ে দিতে চেয়েছিল; কিন্তু আমরা তা মেনে নেই নি। অনেক রক্তের বিনিময়ে আমরা এই ভাষা পেয়েছি। আমাদের দেশে বিভিন্ন গোত্রের ভাষা আছে, তাদের ভাষাকে বিকশিত করতে হবে। সব ভাষাভাষির মানুষদের নিয়ে সমাজকে গঠন করতে হবে।’

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, ‘অনেক ত্যাগের বিনিময়ে এই ভাষা পেয়েছি। এই ভাষা নিয়ে অনেক কিছু করার আছে। বিদেশের বইগুলো সুন্দর করে বাংলা ভাষায় অনুবাদ করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমেও এক প্রকার মিশ্র ভাষা তৈরি হয়েছে। নতুন সরকার বাংলা ভাষা নিয়ে আরও অনেক বেশি কাজ করবে বলে গুরুত্বারোপ করেন।’

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রাশেদুল হক। আরও উপস্থিত ছিলেন শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক ড. মো. কামরুজ্জামান। বাদ জুম্মা শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়ার আয়োজন করা হয়।

২১.০২.২০২৬

(মো. বাবুল হোসেন)

উপপরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।